বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড়, কাকরাইল, ঢাকা-১০০০।

পত্র নং বাঃ স্কাঃ (স্পেশাল ইভেন্টস)/ ২৪০৬(১৫৩)/১৯ তারিখ ঃ ৩০ পৌষ ১৪২৫
১৩ জানুয়ারি ২০১৯

**পরিপত্র-১**

বিষয় ঃ **বিচ স্কাউট ক্যাম্প, কক্সবাজারে এ অংশগ্রহণের জন্য স্কাউট ও রোভার স্কাউট ইউনিটের নামের তালিকা ও রেজিস্ট্রেশন ফরম প্রেরণ সম্পর্কীয় ।**

আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বিচ স্কাউট ক্যাম্প আয়োজনের লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এর পরিচালনায় চলতি আর্থিক বছরে কক্সবাজার জেলা স্কাউট ভবন প্রাঙ্গণে আগামী ফেব্রুয়ারি ২০১৯ এ ২টি তারিখ যথাক্রমে ১৫-১৯ ফেব্রুয়ারি ২০১৯ এবং ২২-২৬ ফেব্রুয়ারি ২০১৯ এবং এপ্রিল ২০১৯ এ ২টি তারিখ যথাক্রমে ৫-৯ এপ্রিল ২০১৯ এবং তারিখ ১৬-২০ এপ্রিল ২০১৯ সর্বমোট ০৪টি ক্যাম্প অনুষ্ঠিত হবে। কক্সবাজার সমুদ্র সৈকত সংলগ্ন এলাকায় তাঁবু বাসের মাধ্যমে স্কাউট ও রোভার স্কাউটদের আত্মউন্নয়ন, দক্ষতা বৃদ্ধি, নৈসর্গিক সৌন্দর্য্য উপভোগ, পর্যটন ব্যবস্থাপনা, বিচ এরিয়া পরিচ্ছন্ন রাখা ও জনসচেতনতা তৈরীতে সহায়তা করাই ক্যাম্পের মূল উদ্দেশ্য। দেশের সকল জেলা থেকে অংশগ্রহণকারীদের সুযোগ প্রদান করা হবে। উল্লেখ্য, কক্সবাজারে বিচ স্কাউট ক্যাম্পে অংশগ্রহণের লক্ষ্যে আবাসন ও স্যানিটেশনের সুবিধার্থে প্রতিটি জেলা হতে চারটি ইউনিটকে অংশগ্রহণের জন্য নির্বাচন করতে হবে। এক সঙ্গে সর্বোচ্চ দুইটি জেলার সমন্বয়ে ক্যাম্প আয়োজন করা হবে।

আঞ্চলিক ও জেলা স্কাউটস / জেলা রোভার থেকে মনোনীত আগ্রহী ইউনিটসমূহকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ক্যাম্পে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

**শর্তাবলী ঃ**

ক) **স্কাউট যোগ্যতা** ঃ কমপক্ষে স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জনকারী স্কাউট এবং সদস্য ব্যাজ অর্জনকারী রোভার স্কাউট উক্ত ক্যাম্পে অংশগ্রহণ করতে পারবে। তবে অংশগ্রহণকারীগণকে শারীরিকভাবে সুস্থ ও রোগ মুক্ত হতে হবে এবং উপজেলা, জেলা ও অঞ্চল পর্যায়ে আবশ্যিকভাবে যেকোন একটি পর্যায়ে তাঁবুবাসের অভিজ্ঞতা থাকতে হবে। অসুস্থ কোন স্কাউট বা রোভার স্কাউটকে ক্যাম্পে অংশগ্রহণের জন্য মনোনীত করা যাবেনা। কক্সবাজারে বিচ স্কাউট ক্যাম্পে অংশগ্রহণের জন্য প্রত্যেক স্কাউট ও রোভার স্কাউটকে আবশ্যিকভাবে সাঁতার জানতে হবে।

খ) **ইউনিট লিডার** ঃ প্রত্যেক ইউনিটের সাথে আবশ্যিকভাবে ইউনিট লিডার থাকতে হবে এবং ইউনিট লিডারগণকে কমপক্ষে ইউনিট লিডার অ্যাডভ্যান্সড কোর্স সম্পন্নকারী হতে হবে। গার্ল ইন স্কাউট ও গার্ল ইন রোভার ইউনিটে মহিলা ইউনিট লিডার থাকতে হবে। ইউনিট লিডার ব্যতীত কোন ইউনিটকে অংশগ্রহণের সুযোগ দেয়া হবেনা। ইউনিট লিডারগণ ক্যাম্পে স্টাফ হিসেবে দায়িত্ব পালন করবেন।

গ) **ক্যাম্পের মেয়াদকাল** ঃ ক্যাম্পের মেয়াদকাল আসা ও যাওয়াসহ ০৫ (পাঁচ) দিন। ক্যাম্পের প্রোগ্রাম সিডিউল এই সাথে সংযুক্ত। ক্যাম্পের সিডিউল মোতাবেক ইউনিটসমূহকে সকল কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

ঘ) **অংশগ্রহণকারীর সংখ্যা** ঃ প্রত্যেক ইউনিট থেকে ০৮ (আট) জন স্কাউট / রোভার স্কাউট এবং একজন লিডারসহ মোট ০৯ (নয়) জন অংশগ্রহণ করবে। অংশগ্রহণকারীদের সংখ্যা কমবেশী গ্রহণযোগ্য হবেনা।

ঙ) **আবাসন ব্যবস্থা** ঃ ক্যাম্পে অংশগ্রহণকারী সকল ইউনিটকে আবশ্যিকভাবে তাঁবুতে বাস করতে হবে। ইউনিট লিডারকে ইউনিটের সাথে আবশ্যিকভাবে তাঁবুতে থাকতে হবে। কর্তৃপক্ষ আবাসনের জন্য তাঁবু সরবরাহ করবে। অংশগ্রহণকারীদেরকে তাঁবু টানাতে হবে এবং যাওয়ার সময় তাঁবু গুটিয়ে যেতে হবে। এ জন্য ইউনিটসমূহকে তাঁবুবাসের প্রয়োজনীয় উপকরণ, আবহাওয়া উপযোগী বিছানাপত্র, গ্রাউন্ডশীট, গ্যাজেট তৈরীর হালকা উপকরণ ইত্যাদি সাথে আনতে হবে।

**চ) খাদ্য ব্যবস্থা** ঃ ইউনিটসমূহকে নিজস্ব ব্যবস্থাপনায় তাঁবু এলাকায় রান্না করে খাবার খেতে হবে। এ জন্য ক্যাম্পে রান্না করে খাওয়ার উপযোগী প্রয়োজনীয় ইউটেনসিল সাথে আনতে হবে।

**ছ) যাতায়াত ব্যবস্থা** ঃ ইউনিটসমূহকে নিজস্ব ব্যবস্থাপনায় ও ব্যয়ে নিরাপদে যাতায়াত করতে হবে। বাস বা ট্রেনযোগে চট্টগ্রাম পর্যন্ত পৌছানোর পর চট্টগ্রাম থেকে সড়ক পথে কক্সবাজারে যেতে হবে। সংশ্লিষ্ট জেলা স্কাউটস / জেলা রোভারের সহায়তায় ইউনিটসমূহকে নিরাপদ বাহন নির্বাচন করতে হবে।

জ) **অংশগ্রহণকারীদের কোটা** ঃ আপাততঃ একটি জেলা থেকে সর্বোচ্চ ০৪টি করে স্কাউট অথবা ০৪টি করে রোভার স্কাউট ইউনিটকে ক্যাম্পে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। কোন ভাবেই স্কাউট ও রোভার ইউনিটকে একত্রিত করে ক্যাম্পে প্রেরণ করা যাবে না।

ঝ) **অভিভাবকদের সম্মতি পত্র** ঃ ক্যাম্পে অংশগ্রহণের জন্য প্রত্যেক অংশগ্রহণকারীকে অভিভাবক ( পিতা/মাতা) এবং ইউনিট থেকে অনুমতি/ সম্মতি পত্র দাখিল করতে হবে। অভিভাবকের সম্মতি ব্যতীত কাউকে ক্যাম্পে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবেনা। অভিভাবকদের সম্মতি পত্রের নমুনা কপি সংযুক্ত।

ঞ) **রেজিঃ ফি, স্কার্ফ, ব্যাজ, সনদপত্র** ঃ ক্যাম্পে অংশগ্রহণের জন্য প্রত্যেক ইউনিট কে ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে রেজিঃ ফি প্রদান করতে হবে। অংশগ্রহণকারীদেরকে ক্যাম্প ব্যাজ ও সনদ পত্র প্রদান করা হবে। তবে প্রত্যেক অংশগ্রহণকারীদেরকে স্কাউট পোশাক ও ইউনিটের নিজস্ব স্কার্ফ পরিধান করতে হবে।

উপরিউক্ত অবস্থার প্রেক্ষাপটে, কক্সবাজারে বিচ স্কাউট ক্যাম্পে অংশগ্রহণের লক্ষ্যে (ইতোপূর্বে অংশগ্রহণকারী দিনাজপুর ও রংপুর জেলা ব্যতিত) দেশের প্রতিটি জেলা হতে আগ্রহী ০৪টি স্কাউট অথবা রোভার স্কাউট ইউনিটের নামের তালিকা, ঠিকানা, সংযুক্ত রেজিঃ ফরম ও অভিভাবকগণের সম্মতিপত্র যথাযথভাবে পূরণ করে আগামী ৩১/০১/২০১৯ তারিখের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করার জন্য অনুরোধ করছি।

১৩/০১/১৯

(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস) বাংলাদেশ স্কাউটস (সকল অঞ্চল);
২। আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস (সকল অঞ্চল);
৩। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস (সকল অঞ্চল);
৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস (সকল জেলা);
৫। সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস (সকল জেলা)।

**সদয় জ্ঞাতার্থে ঃ**

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
২। জাতীয় কমিশনার (সকল) বাংলাদেশ স্কাউটস;
৩। জাতীয় উপ কমিশনার (সকল) বাংলাদেশ স্কাউটস;
৪। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস (সকল জেলা);